




বাংলাদেশে ভারতের নতুন হাইকমিশনার দীনেশ ত্রিবেদী



দীনেশ ত্রিবেদী। ছবি: সংগৃহীত

বাংলাদেশে ভারতের নতুন হাইকমিশনার হিসেবে দীনেশ ত্রিবেদীকে নিয়োগ দিয়েছে ভারত সরকার। দ্বিপাক্ষীয় সম্পর্ককে নতুনভাবে এগিয়ে নেওয়ার লক্ষ্যেই প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বাধীন সরকার এই সিদ্ধান্ত নিয়েছে। দীনেশ ত্রিবেদী দেশটির রাজনীতিতে পরিচিত মুখ এবং কেন্দ্রীয় মন্ত্রীর দায়িত্বও পালন করেছেন। সোমবার (২৭ এপ্রিল) ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক বিজ্ঞপ্তিতে এ নিয়োগের তথ্য জানানো হয়। সেখানে বলা হয়, তিনি শিগগিরই ঢাকায় দায়িত্ব গ্রহণ করবেন বলে আশা করা হচ্ছে।

দীর্ঘ রাজনৈতিক ক্যারিয়ারে ত্রিবেদী ১৯৯৮ থেকে ২০২১ সাল পর্যন্ত সর্বভারতীয় তৃণমূল কংগ্রেসের সঙ্গে যুক্ত ছিলেন। পরে ২০২১ সালের মার্চে তিনি দল পরিবর্তন করে ক্ষমতাসীন ভারতীয় জনতা পার্টিতে (বিজেপি) যোগ দেন। তৃণমূল কংগ্রেসে থাকাকালে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের ঘনিষ্ঠ হিসেবেই পরিচিত ছিলেন তিনি। নতুন দায়িত্বে তিনি বর্তমান হাইকমিশনার প্রণয় ভার্মার স্থলাভিষিক্ত হচ্ছেন। প্রণয় ভার্মাকে ইউরোপীয় ইউনিয়নে ভারতের রাষ্ট্রদূত হিসেবে ব্রাসেলসে পাঠানো হচ্ছে। এর আগে ভারতীয় গণমাধ্যম হিন্দুস্তান টাইমস জানায়, সাবেক কেন্দ্রীয় মন্ত্রী ও ব্যারাকপুরের সাবেক সংসদ সদস্য দীনেশ ত্রিবেদীকেই বাংলাদেশে পরবর্তী হাইকমিশনার হিসেবে পাঠানোর সিদ্ধান্ত নেয় মোদি সরকার। এর মধ্য দিয়ে দীর্ঘদিন পর প্রতিবেশী কোনো দেশে রাজনৈতিক ব্যক্তিত্বকে রাষ্ট্রদূত পর্যায়ের গুরুত্বপূর্ণ কূটনৈতিক দায়িত্বে নিয়োগ দিল ভারত।